



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০৫.১৭ (অংশ-১)- ০৮০

তারিখ : ১৩ পৌষ ১৪২৭  
২৮ ডিসেম্বর ২০২০

বিষয় : লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) এর আওতায় ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে ২০১৯-২০ অর্থবছরের জিওবি তহবিল হতে মৌলিক খোক বরাদ্দের (বিবিজি) ১ম কিস্তির অর্থ ছাড়করণ প্রসঙ্গে।

সূত্র : এলজিএসপি-৩ এর স্মারক নং-৩৩৮, তারিখ: ০৯/১২/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে, চলতি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩) এর অনুকূলে জিওবি মূলধন খাতে বরাদ্দকৃত ৬২৬৮৫.৫০ লক্ষ (ছয়শত ছাশ্বিক কোটি পঁচাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হতে ৪৫৭৩টি ইউনিয়ন পরিষদের অনুকূলে মৌলিক খোক বরাদ্দের (বিবিজি) ১ম কিস্তি বাবদ ২৮৪৫৬.৩৯ লক্ষ (দুইশত চুরাশি কোটি ছাপ্পান্ন লক্ষ উনচল্লিশ হাজার) টাকা ছাড়ে নিয়োক্ত শর্তে নির্দেশক্রমে সম্মতি প্রদান করা হলো:

- ২০১৭-১৮ অর্থবছরের অডিট প্রতিবেদন, অ্যাপিল শুনানীর সিদ্ধান্ত মোতাবেক আপত্তি বহালকৃত এ্যাডভার্স ৩টি ও ডিসক্রেইমার ১টি মোট ৪টি ইউনিয়ন পরিষদের অনুকূলে মৌলিক খোক বরাদ্দ (বিবিজি) ১ম কিস্তির শুধুমাত্র ২৫% সমহারের অর্থ ছাড় করতে হবে।
- যেসকল ইউনিয়নের মামলা চলমান রয়েছে সেসকল ইউনিয়ন পরিষদের অনুকূলে বিবিজি ১ম কিস্তির অর্থছাড় আপাতত স্থগিত রাখা যেতে পারে। বর্ণিত কাঞ্চনপুর, ওমরপুর, মাখালডাঙ্গা ও নেহালপুর ইউনিয়ন পরিষদের মামলা নিষ্পত্তি হওয়া সাপেক্ষে উক্ত ইউনিয়ন পরিষদসমূহের অনুকূলে বিবিজি ১ম কিস্তির সমহারের ২৫% অর্থ ছাড় করতে হবে।
- যেসকল ইউনিয়ন পরিষদ এখনও পর্যন্ত জানুয়ারি - জুন ২০২০ মেয়াদের ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন দাখিল করেনি, সেসকল ইউনিয়ন পরিষদের অনুকূলে মৌলিক খোক বরাদ্দের (বিবিজি) অর্থছাড় সাময়িক স্থগিত রেখে রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে অর্থছাড় করতে হবে।

(মো: আকবর হোসেন)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫১৪১৯০

[up2lgd@gmail.com](mailto:up2lgd@gmail.com)

প্রকল্প পরিচালক

লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট-৩ (এলজিএসপি-৩)

সিটি সেন্টার (লেভেল-১০)

৯০/১ মতিঝিল বা/এ, ঢাকা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।